

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ১১, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

অবা-৪ শাখা

আদেশ

তারিখ, ১১ ডিসেম্বর, ২০০১

সকল পাবলিক লিমিটেড কোম্পানী এবং রাষ্ট্রায়ত্ত্ব শিল্পের ক্ষেত্রে প্রাথমিকভাবে
রাষ্ট্রায়ত্ত্ব চিনিকলগুলিতে কষ্ট অডিট প্রথা প্রবর্তন।

নং বাম/পিটিএম/এপি/১৭/৮৭/৩৯৭—গত ৮ই জুলাই, ২০০১ তারিখে অনুষ্ঠিত অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশ এবং ১২-৭-২০০১ তারিখে প্রধানমন্ত্রীর অনুমোদন মোতাবেক বাংলাদেশ সরকার “কোম্পানী আইন, ১৯৯৪” এর ধারা ১৮১(১)(ঘ) অনুসারে সকল পাবলিক লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে বার্ষিক কষ্ট অডিট প্রথা প্রবর্তনের সিদ্ধান্ত এবং রাষ্ট্রায়ত্ত্ব শিল্পের ক্ষেত্রে প্রাথমিক পর্যায়ে রাষ্ট্রায়ত্ত্ব চিনিকলগুলিতে কষ্ট অডিট প্রথা প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে।

২। অতএব, কোম্পানী আইন, ১৯৯৪ এর ধারা ২২০(১) এর ক্ষমতাবলে বাংলাদেশ সরকার এই মর্মে আদেশ জারী করিতেছে যে সকল পাবলিক লিমিটেড কোম্পানীসমূহ এবং রাষ্ট্রায়ত্ত্ব সকল চিনিকলসমূহ কর্তৃক কোম্পানী আইন, ১৯৯৪ এর ১৮১(১)(ঘ) ধারা এর বিধান অনুযায়ী সংরক্ষিত হিসাব-নিকাশ ৩০শে জুন, ২০০১ তারিখে সমাপ্য বৎসর হইতে অথবা উক্ত তারিখের পরে যে কোন তারিখে সমাপ্য বৎসর হইতে প্রত্যেক আর্থিক বৎসরের হিসাব ও হিসাবের বইপত্র “কষ্ট অডিট

(১০৮৪১)

মূল্য : টাকা ১.০০

(রিপোর্ট) বিধিমালা, ১৯৯৭” (এস. আর. ও. নং-২৬৫-আইন/৯৭, তারিখ ১৮-১১-১৯৯৭) এর বিধান অনুযায়ী “কষ্ট অডিটর” দ্বারা নিরীক্ষা করাইতে হইবে, যিনি একজন “কষ্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্ট”।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম. এম. মাহবুব
উপ-সচিব।